মেহেরপুরে আদালতের কাজে বিঘ্ন সৃষ্টি করায় একজনের সাজা

আদালতের কাজে বিঘ্ন সৃষ্টি করায় সোনা ভানু নামের এক মহিলাকে সাজা প্রদান করেছেন মেহেরপুরের সিনিয়র জুডসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত।

আদালতের বিচারক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ আজ রবিবার বিকেলে এই দন্ডাদেশ প্রদান করেন।

আদালত সূত্রে জানা যায়, রবিবার বিকাল সাড়ে ৩ টার দিকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালতের এজলাস কক্ষে সি,আর ১৮০/২২নং মামলার সাক্ষ্য গ্রহন শুনানি চলছিলো। সেসময় ঐ মামলার পলাতক আসামি মেহেরপুর শহরের পুরাতন পোস্ট অফিসার পাড়ার জাহিদ হোসেনের স্ত্রী মোছাঃ সোনাভানু আদালতে উপস্থিত হয়ে চিৎকার চেচামেচি, উন্মুক্ত আদালতে বাদী ও বাদীপক্ষের বিজ্ঞ আইনজীবীকে উদ্দেশ্য করে অপমানজনক ও অশালিন ভাষা ব্যবহার এবং আদালতের কাজে বিঘ্ন সৃষ্টি করেন।

আদালত বার বার তাকে নিষেধ এবং সতর্ক করলেও তিনি উক্ত কার্যকলাপ পুনরাবৃত্তি করতে থাকেন। এতে আদালতের ভাবমুর্তি ক্ষুন্ন এবং বিচার কাজে অযাচিত বিঘ্ন সৃষ্টি হয়।
আসামির উক্ত কার্য দন্ডবিধির ধারা ২২৮ এবং ফৌজদারি কার্যবিধির ধারা ৪৮০ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ উল্লেখ করে ফৌজদারি কার্যবিধির ধারা ৪৮০ অনুযায়ী আদালত আসামিকে তাৎক্ষনিক গ্রেফতারের নির্দেশ প্রদান করেন।

আসামি তার অপরাধের বিষয়ে কোন সন্তোষজনক জবাব দিতে না পারায় তাকে দন্ডবিধির ২২৮ ধারা এবং ফৌজদারি কার্যবিধির ৪৮০ ধারায় দোষী সাব্যস্ত করা হয়। অপরাধের গুরুত্ব বিবেচনায় তাকে ২০০ টাকা অর্থদন্ড অনাদায়ে ১০ দিনের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত করে জেলখানায় পাঠানো হয়।